

## ■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায় - অযৌক্তিকতা ও অশালীনতা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৮. ১. ১৭. ১৩. রাণী বাছাইয়ের জন্য ব্যাবহারিক প্রতিযোগিতা

ঈশ্বর বলছেন, এরপর রাজা নতুন রাণী বাছাইয়ের জন্য ব্যবহারিক প্রতিযোগিতা ও পরীক্ষার ব্যবস্থা করলেন। তিনি সারা রাজ্যে ঘোষণা দিয়ে সুন্দরী কুমারী মেয়েদের জমায়েত করেন। একেকটা মেয়েকে ছয়মাস সৌন্দর্য পরিচর্যা করার পর এক রাতে তার কাছে পাঠানো হত। তার সাথে রাত্রি যাপনের পর সকালে মেয়েটার স্থান হত উপপত্নীদের হারেমে। এ পদ্ধতিতে অনেক সুন্দরী কুমারীকে ব্যবহারিকভাবে যাচাই বাছাই করে তিনি ইস্টেরকে রাণী বানালেন। (ইস্টের ২য় অধ্যায়)।

সম্মানিত পাঠক, এ কাহিনী পাঠ করলে অশালীনতাবোধ আপনাকে পীড়িত করবে। ঈশ্বর কি এ কাহিনীটা একটু শালীন করে বলতে পারতেন না? এ অশ্লীল ও অমানবিক স্ত্রী বাছাই প্রতিযোগিতার অবৈধতা ও অশালীনতা বিষয়ে ঈশ্বর কিছু বলতে পারতেন না? বাইবেলের বর্ণনা কি প্রমাণ করে না যে, এগুলো বাইবেলীয় ঈশ্বরের নিকট আপত্তিকর কিছুই নয়? না কি এ সকল কাহিনী প্রমাণ করে যে, বাইবেলীয় এ সকল পুস্তক ঈশ্বরের বা পবিত্র আত্মার প্রেরণায় রচিত নয়; বরং সে কালের যাজকদের রচিত মানবীয় কর্ম মাত্র?

Source — https://www.hadithbd.com/books/link/?id=14465

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন